# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**বিষয় ঃ** হিসাববিজ্ঞান ২য় পত্র **(সৃজনশীল)** বিষয় কোড | ২ | ৫ | ৪ |

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

## ক বিভাগ

১.▶ গোল্ডেন হারভেস্ট কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা, যা ৫,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত কোম্পানির রেওয়ামিলটি নিচে দেয়া হলো:

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৩,০০০ শেয়ার) | | ৩,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,২৫,০০০ | ২,২০,০০০ |
| ফেরত | ৫,০০০ | ৩,০০০ |
| যন্ত্রপাতি | ১,৪৫,০০০ | |
| ১০% বিনিয়োগ | ১,০০,০০০ | |
| মজুরি | ১৫,০০০ | |
| আন্তঃপরিবহন | ৫,০০০ | |
| কুঋণ ও কুঋণ সঞ্চিতি | ২,০০০ | ৩,৫০০ |
| প্রাপ্ত বাট্টা | | ৫,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪৩,০০০ | ১২,০০০ |
| আসবাবপত্র | ৮৮,৫০০ | |
| মোট | ৫,৪৩,৫০০ | ৫,৪৩,৫০০ |

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ২৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। ২. মোট কুঋণের পরিমাণ ৫,০০০ টাকা এবং কুঋণ সঞ্চিতি রাখতে হবে ১০%। ৩. আয়কর প্রদানের জন্য ৯,৫০০ টাকার ব্যবস্থা রাখতে হবে। ৪. অলিখিত বিক্রয়ের পরিমাণ ৫,০০০ টাকা। ৫. যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত রয়েছে। যন্ত্রটি ১/৭/১৭ তারিখে ৪৫,০০০ টাকায় ক্রয় করা হয়েছিল, যা হিসাবভুক্ত আছে। যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

ক. আদায়যোগ্য প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় করো। ২

https://teachingbd24.com

খ. সমাপ্ত বছরে কোম্পানির মোট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. সমাপ্ত বছরে কোম্পানির নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। (মোট লাভের পরিমাণ ৯৩,০০০ টাকা)। ৪

২. ► স্কয়ার ফুড এন্ড বেভারেজ লিমিটেড-এর অনুমোদিত মূলধন ৭,০০,০০০ টাকা, যা ৭,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত কোম্পানির রেওয়ামিলটি নিচে দেয়া হলো:

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ২,৭১,০০০ | |
| দাবিহীন লভ্যাংশ | | ১০,০০০ |
| দালানকোঠা | ১,৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাট সহ) | ২,৮৭,৫০০ | ৪,০২,৫০০ |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ৫,৫০০ | ৭,৫০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | ৫,০০০ | |
| প্রাথমিক খরচ ও শেয়ার অধিহার | ২,০০,০০০ | ২০,০০০ |
| ভাড়া | ২৬,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| শেয়ার মূলধন (৪,০০০ শেয়ার) | | ৪,০০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩৫,০০০ | ২০,০০০ |
| সংরক্ষিত আয় (১/১/১৭) | | ৯৫,০০০ |
| সুনাম | ৩০,০০০ | |
| সঞ্চিতি তহবিল | | ৪০,০০০ |
| ১০% ঋণপত্র (১/৭/১৭) | | ৫০,০০০ |
| মোট | ১০,৪৫,০০০ | ১০,৪৫,০০০ |

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ৪৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। ২. অন্তর্বর্তীকালীন লভ্যাংশসহ শেয়ার মূল্যের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৩. সঞ্চিতি তহবিলে ১০,০০০ টাকা স্থানান্তর করতে হবে। ৪. শেয়ার অধিহার দ্বারা সুনাম অবলোপন করতে হবে। ৫. দাবিহীন লভ্যাংশের অর্ধেক সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত করো। ২

খ. সমাপ্ত বছরের জন্য সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো যেখানে চলতি বছরের কর পরবর্তী নিট লাভ ৮৫,০০০ টাকা। ৪

Teachingbd24.com

গ. শ্রেণিবদ্ধ আকারে মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩.▶ পদ্মা লি.-এর ২০১৬ সালের আর্থিক তথ্যগুলো নিচে দেয়া হলো:

| বিবরণ | টাকা |
|---|---|
| আসবাবপত্র বিক্রয় | ৮০,০০০ |
| নিট লাভ | ৯০,০০০ |
| অবচয়— আসবাবপত্র | ১০,০০০ |
| প্রাপ্য হিসাব হ্রাস | ৭০,০০০ |
| মজুদ পণ্য বৃদ্ধি | ৪০,০০০ |
| প্রারম্ভিক হাতে নগদ | ৫০,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ১,৫০,০০০ |
| জমি বিক্রয় | ২,০০,০০০ |
| নগদে লভ্যাংশ প্রদান | ৩৫,০০০ |
| দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ | ৫০,০০০ |
| বন্ডকে শেয়ারে রূপান্তর | ৪০,০০০ |
| আসবাবপত্র বিক্রয়জনিত ক্ষতি | ৫,০০০ |

ক. বিক্রয়কৃত আসবাবপত্রের পুস্তক/বই মূল্য নির্ণয় করো। ২

খ. পরিচালন কার্যাবলি হতে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

গ. পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ ১,৩৫,০০০ টাকা ধরে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

৪.▶ বেঙ্গল লিমিটেড-এ অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি মূলধন সংগ্রহের জন্য ৩,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের জন্য বিবরণপত্র বিলি করে। মোট ৩,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। যথারীতি ৩,০০০ শেয়ার বিলি করে অতিরিক্ত ৫০০ শেয়ার আবেদনের টাকা ফেরত দেয়া হলো। শেয়ার ইস্যু সংক্রান্ত খরচ ৫,০০০ টাকা এবং অবলেখকের কমিশন ১০,০০০ টাকা চেকে পরিশোধ করা হলো। শেয়ার ইস্যু সংক্রান্ত খরচকে কোম্পানির প্রাথমিক খরচাবলি হিসাবে বিবেচনা করতে হবে।

ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। (টাকায়) ২

খ. জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ছাড়া) ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

Teachingbd24.com

৫. ► সানি, রবি ও মনি একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান $^{1}/_{2}$ অংশ, $^{1}/_{3}$ অংশ ও $^{1}/_{6}$ অংশ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায়ে তাদের মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ১,৫০,০০০ টাকা, ১,৪০,০০০ টাকা এবং ১,৬০,০০০ টাকা। চুক্তি অনুসারে অংশীদারদের মূলধন ও উত্তোলনের উপর ১০% হারে সুদ ধরতে হবে। রবি ও মনি ব্যবসায় থেকে যথাক্রমে মাস প্রতি ২,০০০ টাকা ও ৩,০০০ টাকা বেতন পাবে। সানি ব্যবসায়ের নিট মুনাফার ওপর ১০% হারে কমিশন পাবে, এ কমিশন তার কমিশন চার্জ করার পূর্বের নিট মুনাফার ওপর ধার্য করা হবে। সম্ভাব্য লাভের প্রত্যাশায় অংশীদারগণ ব্যবসায় থেকে সারা বছর ধরে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা এবং ২০,০০০ টাকা নগদ উত্তোলন করেছে। নগদ উত্তোলন ছাড়াও রবি ব্যক্তিগত ব্যবহারের জন্য ব্যবসায় থেকে ৩,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয়নি। উপরোক্ত সমন্বয় সাধনের পূর্বে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ১,৮০,০০০ টাকায় উপনীত হয়। সানি ও রবি এই মর্মে মনিকে নিশ্চয়তা প্রদান করে যে, মনি বছরে লাভের অংশ বাবদ কমপক্ষে ১২,০০০ টাকা পাবে।

ক. অংশীদারদের নগদ উত্তোলনের সুদ নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত করো। (উত্তোলনের সুদ না ধরে) ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো। (উত্তোলনের সুদ ধরে) ৪

৬. ► ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে এশিয়ান পেইন্ট লি.-এর আর্থিক অবস্থার বিবরণী এবং অন্যান্য তথ্যাবলি নিচে প্রদত্ত হলো:

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| স্থায়ী সম্পদ | ১,৬০,০০০ | শেয়ার মূলধন | ১,২০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৩০,০০০ | প্রদেয় নোট/প্রদেয় বিল | ১০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | ১০% ঋণপত্র | ৪০,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত | ১৫,০০০ | প্রদেয় হিসাব | ৩০,০০০ |
| শেয়ার অবহার | ৫,০০০ | সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৪০,০০০ |
| | ২,৪০,০০০ | | ২,৪০,০০০ |

অন্যান্য তথ্য: উক্ত বছরের বিক্রয়ের পরিমাণ ৪,০০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৩,০০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ১০,০০০ টাকা এবং নিট লাভ ৬০,০০০ টাকা।

Teachingbd24.com

ক. কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট লাভ ও নিট লাভ অনুপাত নির্ণয় করো। ৪
গ. মজুদ আবর্তন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় করো। ৪

৭. ► 'ট্রাসকম' উৎপাদনকারী প্রতিষ্ঠানে সপ্তাহে ৪৮ ঘণ্টা কর্মসময় অনুসরণ করা হয়। উক্ত উৎপাদন প্রতিষ্ঠান হতে নিম্নের তথ্যাবলি নেওয়া হয়েছে:

ঘণ্টায় প্রমাণ উৎপাদন ১০ একক।

ঘণ্টা প্রতি নিয়মিত/স্বাভাবিক মজুরি: ৮ টাকা।

২০১৭ সালের নভেম্বর মাসের ১ম সপ্তাহের ঐ প্রতিষ্ঠানের প্রকৃত উৎপাদনের বিবরণ নিম্নরূপ: রাফি ৫২০ একক, আসিফ ৫০০ একক, সাকিব ৪৮০ একক এবং অনিক ৪২০ একক।

**মজুরিকৃত মজুরি হার:**

প্রমাণ উৎপাদনের নিচে কার্যহারের ৭৫%

প্রমাণ উৎপাদনের সমানে কার্যহারের ১০০%

প্রমাণ উৎপাদনের উর্ধ্বে কার্যহারের ১২৫%

ক. সাপ্তাহিক প্রমাণ উৎপাদনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রতি এককের স্বাভাবিক মজুরি হার ও মজুরিকৃত মজুরি হার নির্ণয় করো। ৪
গ. উল্লেখিত শ্রমিকদের নভেম্বর মাসের ১ সপ্তাহের মোট মজুরি নির্ণয় করো। ৪

৮. ► ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের যুব স্পোর্ট ক্রিকেট ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিচে দেয়া হলো:

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ উদ্বৃত্ত (১-১-১৭) | ৫,৭০০ | মজুরি ও বেতন | ২৫,০০০ |
| চাঁদা | ২৪,৫০০ | মনিহারি | ৫,০০০ |
| ভর্তি ফি | ১০,০০০ | খাদ্যসামগ্রী ও পানীয় ক্রয় | ৭,৫০০ |
| অনুদান | ৪০,০০০ | আসবাবপত্র ক্রয় (১/৭/২০১৭) | ১৫,০০০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ১,৫০০ | বকেয়া খরচ | ৫,০০০ |
| খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয় | ৯,৫০০ | নগদ উদ্বৃত্ত (৩১-১২-১৭) | ৩৩,৭০০ |
| | ৯১,২০০ | | ৯১,২০০ |

২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের সম্পদসমূহ : আসবাবপত্র ৫০,০০০ টাকা; খেলার সরঞ্জাম ৩০,০০০ টাকা; ১০% বিনিয়োগ ৫০,০০০।

অন্যান্য তথ্য: ১. ক্লাবের সদস্য সংখ্যা ৫০ জন এবং প্রত্যেকের বার্ষিক চাঁদার

https://teachingbd24.com

হার ৫০০ টাকা। প্রাপ্ত চাঁদার মধ্যে ১,০০০ টাকা বিগত সালের। ২. মনিহারি মজুদ ১-১-২০১৭ তারিখে ২,০০০ টাকা; ৩১-১২-২০১৭ তারিখে ১,০০০ টাকা। ৩. আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে। ৪. অনুদানের অর্ধেক মুনাফা জাতীয় আয় ধরতে হবে।

ক. আসবাবপত্রের সমাপনী পুস্তক মূল্য নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪

গ. ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

৯.► তাসনীন এন্ড কোং-এর একটি পণ্যের মজুদ, ক্রয় ও ইস্যু সংক্রান্ত তথ্য নিম্নে দেয়া হলো:

২০১৭

| | | |
|---|---|---|
| মে | ১ | প্রারম্ভিক মজুদ ২০০ একক, প্রতি একক ৪ টাকা দর। |
| " | ৫ | ক্রয় ২০০ একক, প্রতি একক ৫ টাকা দর। |
| " | ৮ | ইস্যু ১৮০ একক। |
| " | ১২ | ক্রয় ১৫০ একক, প্রতি একক ৬ টাকা দরে। |
| " | ১৫ | ইস্যু ২২০ একক। |
| " | ১৮ | ক্রয় ২৫০ একক, প্রতি একক ৭ টাকা দরে। |
| " | ৩০ | ইস্যু ২৬০ একক। |

ক. মে মাসে মোট ক্রয়কৃত পণ্যের পরিমাণ (টাকায়) নির্ণয় করো। ২

খ. উপরিউক্ত তথ্য হতে LIFO পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত করো। ৪

গ. উপরিউক্ত তথ্য হতে FIFO পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত করো। ৪

১০.► মি. সাকিব পাইকারি ব্যবসায়ী। সে একতরফা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করে। ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে তার ব্যবসায়ের আর্থিক অবস্থা নিম্নরূপ ছিল:

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| বিবিধ পাওনাদার | ৮০,০০০ | নগদ তহবিল | ২০,০০০ |
| প্রদেয় বিল | ২০,০০০ | ব্যাংক ব্যালেন্স | ৫০,০০০ |
| ১০% ঋণ | ৪০,০০০ | বিবিধ দেনাদার | ১,০০,০০০ |
| মূলধন | ২,১০,০০০ | মজুদ পণ্য | ৬০,০০০ |
| | | আসবাবপত্র | ৪০,০০০ |
| | | যন্ত্রপাতি | ৮০,০০০ |
| | ৩,৫০,০০০ | | ৩,৫০,০০০ |

Teachingbd24.com

২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের নিম্নে উল্লেখিত পরিবর্তন ঘটে; নগদ তহবিল আরো ১০,০০০ টাকা বৃদ্ধি পায়। মজুদ পণ্য ৫৫,০০০ টাকায় নেমে আসে। বিবিধ দেনাদার হ্রাস পেয়ে ৮০,০০০ টাকায় দাঁড়ায়। পাওনাদারের পরিমাণ ১০,০০০ টাকা কমে গেছে। স্বীকৃত বিল চলতি বছরে পরিশোধ করা হয়েছে ১২,০০০ টাকা এবং এ বছরে ৪,০০০ টাকার নতুন বিলে স্বীকৃতি দেওয়া হয়েছে।

অন্যান্য তথ্য : ১. চলতি বছরে ঋণের সুদ পরিশোধ করা হয়নি। ২. সে প্রতি মাসের ১ম তারিখে ৫০০ টাকা করে নগদ উত্তোলন করে। উত্তোলনের ওপর ১০% সুদ ধরতে হবে। ৩. আসবাবপত্র ও যন্ত্রপাতির উপর যথাক্রমে ৪,০০০ টাকা ও ৮,০০০ টাকা অবচয় ধরতে হবে।

ক. ঋণের সুদ ও উত্তোলনের সুদ-এর পরিমাণ নির্ণয় করো। ২

খ. সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. সমাপ্ত বছরের নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

১১.▶ ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে রূপা ম্যানুফ্যাকচারিং লি.-এর তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ (৫,০০০ একক) | ৫৫,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৩,৫০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ২,০০,০০০ |
| কারখানা উপরি খরচ-প্রত্যক্ষ মজুরির ১০% | ? |
| অফিস ও প্রশাসনিক উপরি ব্যয় | ৫০,০০০ |
| বিক্রয় ও বন্টন উপরি ব্যয় (একক প্রতি ২ টাকা) | ? |
| বিক্রয় (৪৫,০০০ একক) | ৯,০০,০০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ ১০,০০০ একক | ? |

ক. উৎপাদন এককের পরিমাণ নির্ণয় করো। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয় ৫,১১,০০০ টাকা ধরে আয় বিবরণী প্রস্তুত করো। ৪

Teachingbd24.com

# বিষয়ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

সময়ঃ ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্যঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের মূলধন জাতীয় ব্যয়?
ক) সচিবের বেতন খ) বই ক্রয়
গ) মনিহারি ঘ) বিদ্যুৎ খরচ

২. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উৎস হচ্ছে—
i. প্রবেশ ফি
ii. পুরাতন খবরের কাগজ বিক্রয়
iii. সদস্যদের চাঁদা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।

ক ও খ দুইজন অংশীদার। তাদের লাভ-ক্ষতি বন্টন অনুপাত ২ : ১। চুক্তি অনুসারে উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করা হয়। ৩১-১২-১৭ তারিখে লাভ-ক্ষতি বন্টন হিসাব হতে পাওয়া, উক্ত বছরের নিট মুনাফার পরিমাণ ছিল ৩০,০০০ টাকা এবং বন্টনযোগ্য মুনাফা ১৮,০০০ টাকা। অংশীদাররা প্রত্যেকে মাসের শেষ তারিখে কারবার হতে ৫০০ টাকা করে উত্তোলন করেছে।

৩. অংশীদার খ-এর উত্তোলনের সুদের পরিমাণ কত টাকা?
ক) ৬০০ টাকা খ) ৩২৫ টাকা
গ) ৩০০ টাকা ঘ) ২৭৫ টাকা

৪. অংশীদার ক-এর প্রাপ্ত মুনাফার অংশের পরিমাণ কত টাকা?
ক) ৩০,০০০ টাকা খ) ২০,০০০ টাকা
গ) ১৮,০০০ টাকা ঘ) ১২,০০০ টাকা

৫. অংশীদারদের চলতি হিসাবে অন্তর্ভুক্ত থাকে—
i. অতিরিক্ত মূলধন
ii. মূলধনের সুদ
iii. উত্তোলনের সুদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. শান ও মুনের লাভ-ক্ষতি বন্টন অনুপাত ২ : ১। শীতাকে নতুন অংশীদার হিসাবে কারবারে লাভের $\frac{1}{4}$ অংশ প্রদান করা হলে তাদের কারবারের লাভ-ক্ষতি বন্টন অনুপাত কত হবে?
ক) ৩ : ২ : ১ খ) ২ : ২ : ১
গ) ২ : ১ : ১ ঘ) ১ : ১ : ১

৭. নগদ প্রবাহ বিবরণীর কার্যক্রমকে কত ভাগে ভাগ করা হয়েছে?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

৮. কোম্পানি প্রথমে যে শেয়ার বিক্রি করে তাকে কী বলে?
ক) IPO খ) NSF
গ) RPO ঘ) BO

৯. বোনাস শেয়ার ইস্যু করলে কোম্পানির—
i. শেয়ারের সংখ্যা বেড়ে যায়
ii. নগদ তহবিল বেড়ে যায়
iii. সঞ্চিতি তহবিল কমে যায়।
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. বিন কার্ডে অন্তর্ভুক্ত থাকে—
i. মালের আগমন
ii. মালের নির্গমন
iii. মালের মূল্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. সংরক্ষিত আয় বিবরণীতে দেখানো হয়—
i. ঘোষণাকৃত লভ্যাংশ
ii. নতুন আয়কর সঞ্চিতি
iii. অন্তর্বর্তীকালীন লভ্যাংশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. কোম্পানি আইন অনুসারে শেয়ার অবহারের সর্বোচ্চ হার কত?
ক) ৫% খ) ১০%
গ) ১৫% ঘ) ২০%

১৩. মুনাফা অর্জন ক্ষমতা যাচাই অনুপাত কোনটি—
ক) দায়-মালিকানা অনুপাত
খ) মোট লাভ অনুপাত
গ) অনাদায়ী পাওনা অনুপাত
ঘ) মজুদ আবর্তন অনুপাত

১৪. বেতন ও মজুরি নির্ণয়ের ক্ষেত্রে অনার্থিক সুবিধাগুলো হলো—
i. খাবারে ভর্তুকি
ii. ভাড়ামুক্ত বাসস্থান
iii. চিকিৎসা ভাতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

১৫. বিক্রয়মূল্যের উপর মুনাফা হার ২৫% হলে তা ক্রয়মূল্যের উপর শতকরা কত হবে?
ক) ১৬.৬৭% খ) ২০%
গ) ২৫% ঘ) ৩৩.৩৩%

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
ন্যাশনাল লি.-এর ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত আর্থিক বিবরণী হতে নিচের তথ্যগুলো পাওয়া গেল। প্রদেয় হিসাব ৩০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা, প্রদেয় ভাড়া ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা, শেয়ার মূলধন ১,০০,০০০ টাকা ও দালানকোঠা ৯০,০০০ টাকা। বিক্রয় ৫,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি বিক্রীত দ্রব্যের ব্যয়ের উপর ২৫% মুনাফা করে থাকে।

১৬. চলতি মূলধনের পরিমাণ কত?
ক) ১০,০০০ টাকা খ) ৩০,০০০ টাকা
গ) ৬০,০০০ টাকা ঘ) ৯০,০০০ টাকা

১৭. মোট লাভ অনুপাত কত?
ক) ১০% খ) ২০%
গ) ২৫% ঘ) ৩৫%

১৮. ভ্যাট চলতি হিসাবের ডেবিট ব্যালেন্স ২৫,০০০টাকা, প্রাপ্ত ভ্যাট ৬০,০০০ টাকা এবং প্রদত্ত ভ্যাট ৫০,০০০ হলে, আর্থিক অবস্থার বিবরণীতে কত টাকা ভ্যাট দেখাতে হবে?
ক) ১০,০০০ টাকা খ) ১৫,০০০ টাকা
গ) ৩৫,০০০ টাকা ঘ) ৮৫,০০০ টাকা

১৯. চালানি কারবারের প্রেরিত সকল পণ্য ১০,০০০ টাকায় বিক্রয় হয়। প্রতিনিধির কমিশন বিক্রয়মূল্যের ১০%। পণ্যটির ক্রয়মূল্য ৭,০০০ টাকা। মুনাফার পরিমাণ কত?
ক) ১,৫০০ টাকা খ) ২,০০০ টাকা
গ) ২,৫০০ টাকা ঘ) ৩,০০০ টাকা

২০. পণ্যের দাম কমে গেলে, কোন মজুদ পদ্ধতি সর্বাধিক বিবেচ্য?
ক) FIFO খ) LIFO
গ) সরল গড় ঘ) ভারযুক্ত গড়

২১. কোন কর্মচারীর মাসিক মূল মজুরি ১৫,০০০ টাকা এবং মহার্ঘ ভাতা ১,৫০০ টাকা। তিনি সেই মাসে ৪ দিন ছুটি নগদায়ন করেছে। তার মোট অর্জন কত টাকা?
ক) ১৪,৫০০ টাকা খ) ১৫,০০০ টাকা
গ) ১৬,৫০০ টাকা ঘ) ১৮,৫০০ টাকা

২২. কোনটি প্রশাসনিক উপরিব্যয়?
ক) অফিস আপ্যায়ন খ) বিজ্ঞাপন খরচ
গ) উৎপাদন মজুরি ঘ) শো-রুম খরচ

২৩. শেয়ার হস্তান্তর ফি কী?
ক) পরিচালন ব্যয় খ) পরিচালন আয়
গ) অপরিচালন ব্যয় ঘ) অপরিচালন আয়

২৪. নিচের কোনটি অলীক সম্পদ?
ক) ঋণপত্রের অবহার খ) প্যাটেন্ট
গ) ট্রেডমার্ক ঘ) নিষ্ক্রয় সম্পদ

২৫. একতরফা দাখিলা পদ্ধতি অনুসারে বছর শেষে আর্থিক অবস্থা জানার জন্য কোন বিবরণী প্রস্তুত করতে হয়?
ক) লাভ-লোকসান বিবরণী
খ) বিশদ আয় বিবরণী
গ) বৈষয়িক বিবরণী
ঘ) মালিকানা স্বত্ব বিবরণী

২৬. একতরফা দাখিলা পদ্ধতি জনপ্রিয় হবার কারণ হলো—
i. অল্প পুঁজি
ii. আইনের ঝামেলা নাই
iii. কাজের জটিলতা কম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. GAAP -এর সম্পূর্ণ রূপটি হলো—
ক) General and Accounting Principles
খ) General and Accepted Principles
গ) Generally Accepted Accounting Principles
ঘ) Generally Accepted Accounting Principals

২৮. ব্যবসা আরম্ভ করলে তা চলতে থাকবে, এটা কোন ধারণার উপর প্রতিষ্ঠিত?
ক) ক্রয়মূল্য নীতি খ) চলমান প্রতিষ্ঠান ধারণা
গ) হিসাবকাল ধারণা ঘ) স্বত্বাগত ধারণা

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১০,০০০ |
| পণ্য ক্রয় | ৩২,৫০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৯,৫০০ |
| মোট লাভ (বিক্রিত পণ্যের ব্যয়ের) | ২০% |
| পরিচালন ব্যয় | ২,০০০ |

২৯. বিক্রীত দ্রব্যের ব্যয় কত টাকা?
ক) ৩০,০০০ টাকা খ) ৩২,৫০০ টাকা
গ) ৩৩,০০০ টাকা ঘ) ৩৫,০০০ টাকা

৩০. নিট লাভের পরিমাণ কত?
ক) ৪,৩০০ টাকা খ) ৪,৬০০ টাকা
গ) ৫,০০০ টাকা ঘ) ৫,৫০০ টাকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com